# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-01-2025** **Time: 7-35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) আজ পঞ্চদশ জাতীয় ভোটার দিবস । ভোটদাতাদের মধ্য সচেতনতা বৃদ্ধির লক্ষে এরাজ্যেও যথাযোগ্যভাবে দিনটি পালনের কর্মসূচী নেওয়া হয়েছে। রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ভাষাভবনে।

২) ৭৬-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্ সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

এদিকে সাধারণতন্ত্র দিবসে কলকাতা পুলিশ আগামীকাল ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করেছে।

৩) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মাইকেল মধুসূদন দত্তের ২০১-তম জন্মবার্ষিকী উদযাপন হচ্ছে।

৪) রাজ্যে দুয়ারে সরকার কর্মসূচীর প্রথম দিনে গতকাল ১৩ হাজার ৯২২-টি শিবিরে ৫ লক্ষের ও বেশি মানুষ এসেছেন।

৫) কলকাতা ও শহরতলীতে সম্প্রতি পরপর কয়েকটি ফ্ল্যাট বাড়ি হেলে পড়ার ঘটনার প্রেক্ষিতে বেআইনি বাড়ি বা ফ্লাট না কেনার বিষয়ে সতর্ক থাকার বার্তা দিয়েছেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী , মেয়র ফিরহাদ হাকিম।

৬) যুব ভারতী ক্রীড়াঙ্গণে আই এস এল ফুটবলে গতকাল ইস্টবেঙ্গল ২-১ গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooo

আজ পঞ্চদশ জাতীয় ভোটার দিবস। তরুণ প্রজন্মকে ভোটার তালিকায় নাম নথিভুক্তকরণ করতে উৎসাহিত করা, এই দিনটি পালনের মূল লক্ষ্য।এবছরের ভোটার দিবসের থিম , 'Nothing Like Voting, I Vote for Sure – অর্থাৎ ভোটদানের মতো আর কিছুই নেই – আমি নিশ্চিতভাবে ভোটদান করবো।

সারা দেশের সঙ্গে এরাজ্যেও যথাযোগ্যভাবে জাতীয় ভোটার দিবস পালন করা হচ্ছে।

রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ভাষা ভবন অডিটোরিয়ামে। মুখ্য নির্বাচনী আধিকারিক দিবেন্দু দাসের পরিচালনায় ওই অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে থাকবেন মুখ্য সচিব মনোজ পন্থ।

উল্লেখ্য, ভাষা ভবনের ওই অনুষ্ঠানে ভোটারদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও নির্বাচনী কাজের স্বীকৃতি হিসেবে পুরস্কৃত করা হবে চার জেলা শাসককে। এরা হলেন, দক্ষিণ ২৪ পরগনার জেলা শাসক সুমিত গুপ্তা, জলপাইগুড়ির শামা পারভিন, পশ্চিম বর্ধমানের পোন্নাম বালাম এস এবং বাঁকুড়ার সইদ এন।

রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন,

( বাইট - অরিন্দম নিয়োগী)

উল্লেখ্য, ভোটার তালিকা সংশোধনের কাজে উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য বাঁকুড়া ও পশ্চিম বর্ধমানের জেলা শাসকরা পুরস্কৃত হবেন। অন্যদিকে, ভোটারদের মধ্যে নির্বাচন নিয়ে প্রচারের কাজের জন্য দক্ষিণ ২৪ পরগনা ও জলপাইগুড়ির জেলাশাসকরা পুরস্কৃত হচ্ছেন।

এদিকে, ভোটার দিবস উপলক্ষ্যে ভোটদাতা দের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজ্য স্তরে বিতর্ক, আঁকা, প্রবন্ধ ও স্লোগান- এই চারটি বিভাগে প্রতিযোগিতার আয়োজন করা হয়। আজকের ওই অনুষ্ঠানে প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে। কমিশন সূত্রে জানা গেছে, প্রথম স্থানে ১, দ্বিতীয় স্থানে ২ ও তৃতীয় স্থানে তিনজন করে

**প্রতিযোগী নির্বাচিত হয়েছে। অন্যদিকে অঙ্কনে প্রথম ও দ্বিতীয় স্থানে একজন করে এবং তৃতীয় স্থানে দুজন প্রতিযোগী রয়েছে।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

৭৬-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্ সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন। আকাশবাণীর সবক'টি প্রচার তরঙ্গে তা' শোনা যাবে সন্ধ্যে ৭'টা থেকে। এর জন্য আজ **সন্ধ্যে ৭'টা ৩৫ মিনিটের বাংলা সংবাদ রাত ৮'টায় প্রচারিত হবে।** রাত সাড়ে ৯'টায় প্রচারিত হবে রাষ্ট্রপতির ভাষণের বাংলা তর্জমা।

( রাত **১০**'টায় প্রচারিত হবে সর্বভাষা কবি সম্মেলনের বাংলা রেকর্ডিং। **রাত ১০ টার বাংলা সংবাদ শোনা যাবে** FM গোল্ড-এ। )

অন্যদিকে, আগামীকাল **২৬শে জানুয়ারী,** সাধারণতন্ত্র দিবসে পশ্চিমবঙ্গের রাজ্যপাল C V আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন। সকাল সাড়ে আটটা থেকে তা' শোনা যাবে।

এদিকে, ২৬ তারিখ নতুন দিল্লিতে কর্তব্যপথ এবং জাতীয় যুদ্ধ স্মারকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ধারা বিবরণী, সকাল ৯'টা ৪০ মিনিট থেকে ইংরেজী এবং হিন্দিতে প্রচারিত হবে। এজন্য **৯'টা ১৫ মিনিটের বাংলা সংবাদ গীতাঞ্জলীর পরিবর্তে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে শোনা যাবে।**

**এর জন্য আকাশবাণী কলকাতা কেন্দ্রের ১০টা ১০-এর স্থানীয় সংবাদ ঐদিন প্রচারিত হবে না।**

০০০০০০০০০০০০০০০০০০০০০

দিল্লিতে আয়োজিত সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ পেয়েছেন পূর্ব বর্ধমানের কালনার শ্যামগঞ্জের বাসিন্দা রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত তাঁত শিল্পী ভোলানাথ মন্ডল। আমন্ত্রণ পেয়ে আপ্লুত ভোলানাথ বাবু। তিনি ইতোমধ্যেই সস্ত্রীক দিল্লি পৌঁছেছেন।

এদিকে পশ্চিম মেদিনীপুরের ডেবরার দম্পতি তাপস জানা ও গৌরী জানার সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে। মাদুর শিল্পের বয়ানে বিশেষ কৃতিত্বের জন্যে তারা এর আগে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের জাতীয় পুরস্কার লাভ করেন। গৌরী দেবী আমাদের সংবাদদাতাকে তার প্রতিক্রিয়ায় বলেন –

(বাইট - গৌরী )

অন্যদিকে বীরভূমের প্রত্যন্ত গ্রাম লোকপুরের সেরপাই শিল্পী ভোলানাথ কর্মকারও দিল্লিতে সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে যোগদানের আমন্ত্রণ পেয়েছেন। এক সময় চাল মাপার কাজে ব্যবহার হতো সেরপাই, এখন তা শিল্পের জায়গা নিয়েছে। গোটা গ্রামে একমাত্র ভোলানাথবাবুই এই শিল্প বাঁচিয়ে রেখেছন। আমন্ত্রণলাভের খবরে আমাদের সংবাদদাতাকে তিনি জানালেন,

(বাইট – কর্মকার)

উল্লেখ্য,২৬ শে জানুয়ারীর সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজ দেখতে প্রায় ১০ হাজার বিশেষ অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে। জাতীয় স্তরের এই অনুষ্ঠানে জনগণের অংশগ্রহণ বাড়াতে সরকারি উদ্যোগের অংশ হিসেবেই এই আমন্ত্রণ।

বিশেষ অতিথিদের মধ্যে রয়েছেন, আপদা-মিত্র স্বেচ্ছাসেবক, আশা কর্মী, FPO, PM কিষাণ সম্মাননিধি সুবিধাপ্রাপকরা।

oooooooooooooooooooo

সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে কলকাতা পুলিশ আগামীকাল ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করেছে। শহরের বিভিন্ন জায়গায় ১১৯ জন ইন্সপেক্টর, অতিরিক্ত পুলিশ কমিশনার পদমর্যাদার ৪৬ জন আধিকারিক সহ মোট দুই হাজার তিনশো জন পুলিশ কর্মী মোতায়েন থাকবে বলে লালবাজার সূত্রে জানা গিয়েছে।

এছাড়াও হোটেল, রেস্তোরা, মেট্রো স্টেশন , আলিপুর চিড়িয়াখানা, কলকাতা মিউজিয়াম, ধর্মতলা চত্ত্বরেও বিশেষ নজরদারির ব্যবস্থা করা হয়েছে। রেড রোডে এগারোটি ওয়াচ টাওয়ার বসানো হয়েছে।

একই সঙ্গে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের জন্যে ঐ দিন ভোর সাড়ে পাঁচটা থেকে কুচকাওয়াজ শেষ না হওয়া পর্যন্ত, হসপিটাল রোড, লাভারস রোড, গোষ্ঠ পাল সরনী, ডাফরিন রোড, আউট্রাম রোড বন্ধ থাকবে বলে পুলিশের তরফে জানানো হয়েছে।

ooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ , মাইকেল মধুসূদন দত্ত র ২০১ তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। উনিশ শতকের অন্যতম বিশিষ্ট কবি মাইকেল মধুসূদন , বাংলা ভাষায় অমিত্রাক্ষর ছন্দ ও চতুর্দশপদী বা সনেট, প্রবর্তন করেছিলেন। তার জীবনের শ্রেষ্ঠ কীর্তি রামায়ণ উপাখ্যান অবলম্বনে অমিত্রাক্ষর ছন্দে রচিত মেঘনাদবধ কাব্য। অসাধারণ প্রতিভার অধিকারী মধুসূদন দত্তের , মাত্র ৪৯ বছর বয়সে কলকাতায় জীবনাবসান হয়।

কবি মাইকেল মধুসূদন দত্তের দ্বিশততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে শিবপুরের IIEST একাডেমি বিল্ডিং-এর প্রথম লবিতে গতকাল এক প্রদর্শনী গ্যালারির উদ্বোধন করা হয় |গ্যালারিটির উদ্বোধন করেন আচার্য্য জগদীশ চন্দ্র বোস ইন্ডিয়ান বোটানিক গার্ডেনের প্রধান ড:দেবেন্দ্র কুমার সিং| মূলত কবির জীবন ও তাঁর অবদানকে তুলে ধরতেই এই উদ্যোগ|

উল্লেখ্য, IIEST ক্যাম্পাসে ঐতিহাসিক বিশপ কলেজের ছাত্র ছিলেন কবি মাইকেল মধুসূদন দত্ত|

oooooooooooooooooo

রাজ্যে দুয়ারে সরকার কর্মসূচির প্রথম দিনে গতকাল রাজ্য জুড়ে ১৩ হাজার ৯২২টি শিবিরের আয়োজন করা হয়। পাঁচ লক্ষের’ও বেশি মানুষ প্রথম দিনে দুয়ারে

সরকার শিবিরে এসেছেন বলে নবান্নে সরকারি সূত্রে জানা গিয়েছে। গতকাল এই নবম দুয়ারে সরকার কর্মসূচি শুরু হয়েছে। চলবে ১ ফেব্রুয়ারি পর্যন্ত।

সকাল ১০টা থেকে বিকাল ৪টে অবধি চলবে শিবির। মোট ৩৭টি প্রকল্পের সুবিধার জন্য শিবিরে আবেদন জমা নেওয়া হবে।

এবার ১ লক্ষ ৬ হাজারের বেশি শিবির করার পরিকল্পনা রয়েছে সরকারের। প্রত্যন্ত এলাকায় শিবির করার ওপর এবার বিশেষ জোর দেওয়া হচ্ছে।

প্রসঙ্গত, রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে দুয়ারে সরকার কর্মসূচির আয়োজন করা হচ্ছে।

oooooooooooooooooooo

কলকাতা ও শহরতলীতে সম্প্রতি পরপর কয়েকটি ফ্ল্যাট বাড়ি হেলে পড়ার ঘটনার প্রেক্ষিতে বেআইনি বাড়ি বা ফ্লাট না কেনার বিষয়ে ক্রেতাদের সতর্ক থাকার বার্তা দিয়েছেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী , মেয়র ফিরহাদ হাকিম। পুর ভবনে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সব বাড়ী বিপজ্জনক, বা সব বাড়ি অবৈধ তা নয়। অবৈধ নির্মাণ একটা সময় ধারাবাহিক ছিল শহরে। তবে পুরসভা এখন তা বন্ধ করার উদ্যোগ নিয়েছে।

মেয়র আরো বলেন, প্রোমোটার বেআইনিভাবে বাড়ি নির্মাণ করছে কিনা তা ক্রেতাদের দেখে নিতে হবে। প্রতারকের ফাঁদে পা না দেওয়ার আবেদন জানান তিনি।

(বাইট – ফিরহাদ)

এ ধরনের ঘটনায় লাইসেন্স বাতিল করে, তা বাজেয়াপ্ত করে নেওয়া উচিত বলেও মন্তব্য করেন ফিরহাদ ।

এদিকে বাঘাযতীন, কামারহাটি, ট্যাংরার পর এবার উত্তর ২৪ পরগণার বরানগরে পাশাপাশি দুটি বাড়ি হেলে পড়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বরাহনগরের পৌর পারিষদ রামকৃষ্ণ পাল বলেছেন, যখন এই বাড়িগুলি তৈরী

হয়, তখন তিনি দায়িত্বে ছিলেন না। অন্যদিকে বিধায়ক তাপস রায় বলেছেন, ওই বাড়ির বাইরে বিপজ্জনক বলে নোটিশ টাঙ্গানো হয়েছিল, কিন্তু প্রশাসনের পক্ষ থেকে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। আবাসিকরা জানিয়েছেন, চারতলা বাড়ি দুটি একই প্রমোটারের।

অন্যদিকে হাওড়ার শরদ চ্যাটার্জী রোডেও হেলে পড়া জোড়া ফ্ল্যাট বাড়ি গতকাল সরেজমিনে পরিদর্শন করেন পুরসভার বিল্ডিং দফতরের ইঞ্জিনিয়াররা। সঙ্গে ছিল পুলিশও। তারা জানিয়েছেন, তিনতলা পর্যন্ত বাড়ি তৈরির অনুমতি ছিল। কিন্তু সেটি পাঁচতলা করা হয়েছে। সেই কারণেই এই বিপত্তি। আতঙ্কিত বাসিন্দারা জানিয়েছেন, কয়েক বছর ধরেই বাড়ি দুটি ওই অবস্থায় রয়েছে।

oooooooooooooooooooooo

মেট্রো রেল, নোয়াপাড়া ও জয় হিন্দ বিমানবন্দর করিডরের ৭ সাত কিলোমিটারের বেশি অংশে গতকাল সাফল্যের সঙ্গে পরীক্ষামূলক ভাবে আপ ও ডাউন দুই লাইনের ট্রেন চালায়। জেনারেল ম্যানেজার পি উদয় কুমার রেড্ডির উপস্থিতিতে দুপুর বারোটা নয় মিনিটে নোয়াপাড়া স্টেশন থেকে যাত্রা শুরু করে একটি ট্রেন। যাত্রাপথের চারটি স্টেশন পেরিয়ে ১২ টা ৩১ মিনিটে তা যাত্রা শেষ করে। ফিরতি পথে ট্রেনটি একটা ৫৭ মিনিটে যাত্রা শুরু করে দুপুর দুটো একুশ মিনিটে পৌঁছয়।

উল্লেখ্য কবি সুভাষ বিমান বন্দর করিডর এই করিডরের সঙ্গে বিমানবন্দর স্টেশনে সংযোগ স্থাপন করবে।

oooooooooooooooooo

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে গত সন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল ২-১ গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে। লাল-হলুদের হয়ে গোল করেছেন ভালাপপিল ও মাহের। কেরালার হয়ে একমাত্র গোলটি করেছেন ফারুক। এই জয়ের পরও ১৭ ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় একাদশ স্থানেই রইল। ১৮ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে কেরালার স্থান অষ্টম।